**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 7/8/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো সেন্ট লরেন্স কাউন্টিতে $2.1 মিলিয়নের রেসিলিয়েন্সি প্রোজেক্টের ভিত খোঁড়ার কাজ শুরুর ঘোষণা করলেন

## *নর্থাম্বারল্যান্ড স্ট্রিট ব্রিজ অপসারণ জনস্বাস্থ্যকে সুরক্ষা দেবে এবং বিনোদনমূলক নৌকাযাত্রীদের নিরাপদে যাত্রা করতে দেবে*

## *গভর্নরের $300 মিলিয়ন স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তন ও অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগের (Resiliency and Economic Development Initiative, REDI) অংশ*

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে সেন্ট লরেন্স কাউন্টিতে মরিসটাউন শহরে নর্থাম্বারল্যান্ড স্ট্রিট ব্রিজ অপসারণ করার জন্য $2.1 মিলিয়নের প্রোজেক্ট শুরু হয়েছে। ব্রিজটি বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছিল এবং 2019 সাল থেকে বন্ধ আছে। প্রোজেক্টটি গভর্নরের স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তন ও অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগেরঅংশ হিসেবে সেন্ট লরেন্স কাউন্টি দ্বারা সম্পন্ন হবে, যা সেন্ট লরেন্স নদীর পূর্ব দিকে মরিসটাউন বে দিয়ে যাতায়াতকারী নৌকাযাত্রীদের নিরাপত্তাকে উন্নত করবে এবং অঞ্চলে বিনোদন ও অর্থনৈতিক উন্নয়নের সুযোগসুবিধা বৃদ্ধি করবে। এটা জনসমাজের পানীয় জল সরবরাহকেও রক্ষা করতে সাহায্য করবে এবং নিকাশী নির্গমন প্রতিরোধ করবে।

"2019 এ অন্টারিও হ্রদ ও সেন্ট লরেন্স নদীর তীর বরাবর ঐতিহাসিক বন্যাটি অত্যাবশ্যক অবকাঠামোকে ধ্বংস করে দিয়েছিল," **গভর্নর কুওমো বলেন।** "REDI-এর মাধ্যমে কমিউনিটি এই সম্পদগুলিকে সনাক্ত করেছে এবং আমরা এই প্রোজেক্টগুলিকে ধারণা থেকে সম্পূর্ণ হওয়া পর্যন্ত এগিয়ে যেতে দেখার জন্য স্থানীয় প্রশাসনের সাথে হাতে হাত মিলিয়ে কাজ করছি। নিউ ইয়র্ক স্টেট তার বাসিন্দাদের নিরাপত্তা সুনিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ। আমরা পুনর্মূল্যায়ন ও পুনঃকল্পনা করছি, যাতে আমরা আরও ভালভাবে পুনঃনির্মাণ করতে পারি। যখন ভবিষ্যতে বন্যার ঘটনা ঘটবে, তখন আমাদের উপকূলবর্তী জনসমাজগুলি এই বিপর্যয়ের মোকাবিলা করার জন্য বেশি প্রস্তুত থাকবে।"

"সেন্ট লরেন্স কাউন্টিতে অবকাঠামো প্রোজেক্টটি বৃহত্তর মরিসটাউন জনসমাজের নিরাপত্তা, স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তন ও স্বাস্থ্য সুনিশ্চিত করতে সাহায্য করবে, এছাড়াও বিনোদনমূলক নৌকাযাত্রীদের নিরাপদে যাতায়াত করতে দেবে," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচাল বলেন।** "অবনতিশীল ব্রিজটিকে অপসারণ করা এবং ওয়াটারমেইন ও নিকাশী নালাকে অন্যত্র সরানো হলে, তা অঞ্চলের বাণিজ্যিক ও বিনোদনমূলক বাস্তবতাকে উন্নত করবে এবং পার্শ্ববর্তী

অঞ্চলের নিরাপত্তা ও টিঁকে থাকার সক্ষমতা বৃদ্ধি করবে। নিউ ইয়র্ক স্টেট আমাদের নর্থ কান্ট্রির সম্প্রদায়গুলির স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তনের সক্ষমতায় বিনিয়োগ করার জন্য গর্বিত।"

নর্থাম্বারল্যান্ড স্ট্রিট ব্রিজটি সেন্ট লরেন্স কাউন্টির মালিকানা ও রক্ষণাবেক্ষণের অধীন। প্রোজেক্টের অংশ হিসেবে, কাউন্টি ব্রিজের কাঠামো অপসারণ করবে এবং এর হাইড্রোলজিক সংযোগকে উন্নত করার জন্য জলের ওপরের রাস্তার ভিতরে থাকা উপাদান সরাবে। এছাড়াও ওয়াটারমেইন ও নিকাশী নালা উভয়কেই উপকূলের নিচ বরাবর সরিয়ে দেওয়া হবে।

**নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ (Department of Transportation) এর কমিশনার ম্যারি থেরেস ডোমিঙ্গেজ বলেন,** "জনগণের নিরাপত্তা রক্ষা করা, স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তনের সক্ষমতা গড়ে তোলা, এবং অর্থনৈতিক বৃদ্ধির সুযোগসুবিধা সৃষ্টি করা গভর্নর কুওমোর সফল REDI কর্মসূচির শীর্ষ লক্ষ্য এবং এই প্রোজেক্ট তিনটিই অর্জন করবে। এই ব্রিজ অপসারণ করলে নৌকাযাত্রীদের নিরাপত্তা বৃদ্ধি পাবে এবং জলের গুণমান সুরক্ষিত রাখতে সাহায্য হবে, যা আগামী অনেক বছরের জন্য স্থানীয় জনসমাজের নিরন্তর বৃদ্ধি ও জীবনীশক্তির প্রসার ঘটাবে।"

**DASNY প্রেসিডেন্ট ও CEO রিউবেন আর. ম্যাকড্যানিয়েল III বলেছিলেন**, "গভর্নর কুওমোর REDI কর্মসূচি আমাদের উপকূলবর্তী সম্প্রদায়গুলির অনন্য অবকাঠামোগত প্রয়োজনগুলি পূরণ করা এবং নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও নিরাপত্তাকে সুরক্ষিত রাখার জন্য অত্যাবশ্যক পরিষেবা সরবরাহ করার অপরিহার্য সরঞ্জামগুলি প্রদান করে। পুরো নিউ ইয়র্ক জুড়ে জনসমাজগুলিকে টিঁকিয়ে রাখা ও শক্তিশালী করার জন্য গভর্নর কুওমোর কাজে সহায়তা করতে পেরে DASNY গর্বিত।"

**নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation) এবং REDI এর কমিশনার সহ-সভাপতি বেসিল সেগোস বলেন**, "নিউ ইয়র্ক-এর স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তনের সক্ষমতা ও অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগ মরিসটাউন ও সেন্ট লরেন্স কাউন্টির মতো বন্যাপ্রবণ জনসমাজগুলির সঙ্গে সহযোগিতামূলকভাবে কাজ করছে, যাতে সেই সকল অপরিহার্য প্রোজেক্টগুলিকে এগিয়ে নেওয়া যায় যেগুলি স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তনের সক্ষমতা বৃদ্ধি করবে, জনস্বাস্থ্য ও নিরাপত্তাকে রক্ষা করবে এবং স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করবে। অবনতিশীল ও সম্ভাব্যরূপে বিপজ্জনক নর্থাম্বারল্যান্ড স্ট্রিট ব্রিজ অপসারণ করা এবং অন্যান্য গুরুত্বপূর্ণ উন্নয়নগুলিকে সহায়তা করা হলে, তা সেন্ট লরেন্স নদীর উপকূলবর্তী এই জনসমাজকে রক্ষা করবে এবং স্থানীয় বাসিন্দারা যে অপরিহার্য অবকাঠামোর ওপরে নির্ভর করেন তাকে রক্ষা করবে, একই সাথে বিনোদনমূলক নৌকাযাত্রীদের নিরাপদে যাতায়াত করতে দেবে এবং জীবনের গুণমান উন্নত করবে।"

**সেন্ট লরেন্স কাউন্টি লেজিস্লেটিভ চেয়ারম্যান বিল শেরিড্যান বলেছিলেন,** "নিউ ইয়র্ক স্টেটের উত্তর সীমা বরাবর REDI উদ্যোগগুলি টাউন অফ মরিসটাউনের মতো পৌরসভাগুলিকে ভবিষ্যতে উপকূলরেখার সমস্যাগুলির জন্য তাদের প্রস্তুতিকে উন্নত করতে সাহায্য করবে। কাউন্টিটি এই প্রোক্টগুলিকে বাস্তবায়িত হতে দেখার জন্য গভর্নর অ্যান্ড্রু কুওমো ও নিউ ইয়র্ক স্টেটের প্রচেষ্টার প্রশংসা করে। অনেকগুলি অংশীদারের মধ্যে একটি

সহযোগিতামূলক প্রচেষ্টার মাধ্যমে এই প্রোজেক্টের বাস্তবায়ন হয়েছিল। আমি ধন্যবাদ দিতে চাই: টাউন অফ মরিসটাউন, ইউনাইটেড স্টেটস আর্মি কর্পস অফ ইঞ্জিনিয়ার্স (United States Army Corps of Engineers, USACE), Barton & Loguidice প্রোজেক্ট-এর ইঞ্জিনিয়ার, DPC, নিউ ইয়র্ক স্টেট এবং তার অংশগ্রহণকারী এজেন্সিগুলিকে।"

**টাউন অফ মরিসটাউন সুপারভাইজার ফ্র্যাঙ্ক পুটম্যান বলেছিলেন,** "REDI কর্মসূচির বাস্তবায়নের জন্য মরিসটাউন গভর্নর কুওমোকে ধন্যবাদ জানায়। এই উদ্যোগের মাধ্যমে নর্থাম্বারল্যান্ড স্ট্রিট ব্রিজটি অপসারণের গুরুত্বপূর্ণ কাজ সম্পন্ন করা হবে, যা শুধু এর মালিক হিসেবে সেন্ট লরেন্স কাউন্টিকেই উপকৃত করবে না, শহরের বাসিন্দাদেরও উপকৃত করবে। জনগণের নিরাপত্তা নিশ্চিত করা এবং অর্থনৈতিক উন্নয়নে সহায়তা করার ক্ষেত্রে স্টেট ও স্থানীয় প্রশাসনের মধ্যে শক্তিশালী অংশীদারি অপরিহার্য।"

অন্টারিও লেক এবং সেন্ট লরেন্স নদীর তীরে বার বার হওয়া বন্যা প্রতিরোধ করতে গভর্নর কুওমো উপকূলীয় কমিউনিটির স্থিতিশীলতা বৃদ্ধি এবং অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন জোরদার করার জন্য REDI গঠন করেন। স্থানীয় অগ্রাধিকার, ঝুঁকিপূর্ণ অবকাঠামো এবং অন্যান্য সম্পদ এবং জননিরাপত্তা সংক্রান্ত উদ্বেগগুলি চিহ্নিত করার জন্য, আটটি কাউন্টির প্রতিনিধিদের নিয়ে গঠিত পাঁচটি REDI আঞ্চলিক পরিকল্পনা কমিটি প্রতিষ্ঠিত হয়েছিল। কাউন্টিগুলি ছিল: নায়াগ্রা ও অরলিয়ান্স, মনরো, ওয়েইন, কায়ুগা ও ওসওয়েগো, এবং জেফারসন ও সেন্ট লরেন্স। REDI কমিশন বাড়ির মালিকদের সাহায্য করার জন্য $20 মিলিয়ন বরাদ্দ করেছিল, ব্যবসা মজবুত করতে $30 মিলিয়ন বরাদ্দ করেছিল এবং রিজিওনাল ড্রেজিংয়ের জন্য $15 মিলিয়ন বরাদ্দ করেছিল যা REDI অঞ্চলের আটটি কাউন্টির উপকার করবে। অবশিষ্ট $235 মিলিয়ন বরাদ্দ করা হয় স্থানীয় এবং আঞ্চলিক প্রকল্পগুলিতে যা REDI এর লক্ষ্য এগিয়ে নিয়ে যেতে এবং বাস্তবায়নে সাহায্য করে।

গভর্নর কুওমোর নির্দেশে লেক অন্টারিওতে বন্যার কারণে ক্ষতিগ্রস্ত এলাকাগুলি REDI কমিশন পরিদর্শন করে এবং উপকূলবর্তী অঞ্চলের ভবিষ্যতের জন্য আরও মজবুত পরিকাঠামো তৈরি করতে টেকসই এবং দীর্ঘমেয়াদী অর্থনৈতিক পরিকল্পনার কথা মাথায় রেখে স্থানীয় কমিউনিটির সাথে কাজ করেছে।

2019 সালের বসন্তে গভর্নরের REDI কর্মসূচি তৈরির পর থেকে REDI এর অর্থায়নে 133টি স্থানীয় ও আঞ্চলিক প্রোজেক্ট চলছে, যার মধ্যে 95টি প্রোজেক্ট পরিকল্পনা পর্যায়ে আছে, 19টি প্রোজেক্ট নির্মাণ পর্যায়ে আছে এবং 19টি প্রোজেক্ট সম্পূর্ণ হয়েছে।

অতিরিক্ত তথ্য, প্রোজেক্ট প্রোফাইল ও REDI বিষয়ক সংবাদের জন্য, এখানেক্লিক করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন